

তিনটি  
৫

## বাউবি'র ৫৭ কোটি ৭০ লাখ টাকার বাজেট ঘোষণা

ঢাকা রিপোর্টার ১. বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ২০০৭-০৮ অর্থবছরের জন্য মোট ৫৭ কোটি ৭০ লাখ টাকার বাজেট ঘোষণা করেছে। এ বাজেটে রাজস্ব খাতে ৫০ কোটি ৯৬ লাখ ৬৪ হাজার এবং রাজস্ব বাজেটের অন্তর্ভুক্ত উন্নয়ন খাতে ৬ কোটি ৭০ লাখ ৩৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এ বাজেটে বিশ্ববিদ্যালয় যন্ত্রপাতি কমিশন/হতে সরকারী বরাদ্দ ১৯ কোটি ২০ লাখ টাকা ৩০ দশমিক ২৮ পাওনা যাবে। বাজেটের সবচেয়ে উল্লেখযোগ্য দিক হল, বিশ্ববিদ্যালয় যন্ত্রপাতি কমিশন বরাদ্দকৃত বাজেটের ৬৬ দশমিক ৭২ ডায় অর্থাৎ ৩৮ কোটি ৫০ লাখ টাকা যোগান দেয়া হবে বাউবি'র নিজস্ব তহবিল থেকে। একই সাথে এই সময় ২০০৬-০৭ অর্থবছরের জন্য ৫৬ কোটি ২০ লাখ টাকার সংশোধিত বাজেটও অনুমোদন করা হয়।

বাউবি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ এম ফরিদ আহমেদের সভাপতিত্বে গত বুধবার অনুষ্ঠিত বোর্ড অব গভর্নর্সের ৯২তম সভায় এ বাজেট অনুমোদিত হয়। বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের প্রিন্সিপাল এ কে এম রুহুল আমিন আকন্দ। ২০০৭-০৮ অর্থবছরের এ বাজেটে মোট বরাদ্দের মধ্যে শিক্ষা সংক্রান্ত (একাডেমিক) খাতে শতকরা ৬৫ দশমিক ৯০ ডায় টাকা এবং শিক্ষা সহায়ক (কো-একাডেমিক) খাতে ৩৪ দশমিক ১০ ডায় টাকা যাব হবে।